সূত্র : ডিইউএমসিজেএএ/ সেমি-১-/৮-২০০৪/৫

৩০ আগস্ট ২০১৪

জাতীয় সম্প্রচার নীতিমালা: আমাদের ভাবনা শীর্ষক সেমিনার

# সমন্বিত নীতিমালা প্রণয়নে স্বাধীন সম্প্রচার কমিশন গঠন করতে হবে

– ঢাবি উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই এসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সকলের কাছে গ্রহণযোগ্য ও সমন্বিত সম্প্রচার নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে 'স্বাধীন সম্প্রচার কমিশন' গঠনের আহ্বান জানিয়েছেন। আজ ৩০ আগস্ট ২০১৪ শনিবার সামাজিক বিজ্ঞান ভবনের অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই এসোসিয়েশন আয়োজিত "জাতীয় সম্প্রচার নীতিমালা: আমাদের ভাবনা" শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান।

এসোসিয়েশনের সভাপতি মো. আলমগীর হোসেনের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শেখ আবদুস সালাম। আলোচনায় অংশ নেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সুপারনিউমারারি অধ্যাপক ড. সাখাওয়াত আলী খান, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভুইয়া, বৈশাখী টেলিভিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং বিএফইউজে'র সভাপতি মঞ্জুরুল আহসান বুলবুল, সাবেক সচিব যমুনা টেলিভিশনের প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা আবু আলম সহিদ খান প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালন করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক মফিজুর রহমান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই এসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, গণমাধ্যমের স্বাধীনতার সঙ্গে দায়িত্বশীলতার বিষয়টি অঙ্গাঙ্গিভাবে জড়িত। তাই স্বাধীনতা ভোগের পাশাপাশি গণমাধ্যমকে বস্তুনিষ্ঠতা ও সত্যনিষ্ঠতার প্রতি যত্নবান হতে হবে। তিনি বলেন, একবিংশ শতাব্দীতে নিষেধাজ্ঞা আরোপ করে কোন কিছুর প্রকাশ বন্ধ করা বা কোন কিছু গোপন করা সম্ভব নয়। এই বাস্তবতা মেনেই আমাদের সম্প্রচার নীতিমালা প্রণয়ন করতে হবে। পেশাজীবী, শিক্ষাবিদ, ব্যবসায়ীসহ সকল শ্রেণী-পেশার মানুষের সমন্বয়ে স্বাধীন সম্প্রচার কমিশন গঠন করতে হবে। মানুষের সঠিকভাবে তথ্য পাওয়ার স্বাধীনতা ও মৌলিক অধিকার রক্ষার জন্যই সরকার জাতীয় সম্প্রচার নীতিমালা প্রণয়নের উদ্যোগ নিয়েছে বলে তিনি উল্লেখ করেন।

দ্রুত একটি সম্প্রচার কমিশন গঠনের প্রতি গুরুত্ব দিয়ে মূল প্রবন্ধে অধ্যাপক ড. শেখ আবদুস সালাম উল্লেখ করেন যে, "গণমাধ্যমের মালিক, সংশ্লিষ্ট ব্যবস্থাপনা এবং পেশায় নিয়োজিত গণমাধ্যম কর্মীদের পেশাদারিত্ব তথা বস্তুনিষ্ঠতা ও জবাবদিহিতার প্রতি অবিচল থাকার অঙ্গীকার অপরিহার্য। এ বিষয়গুলো সমন্বয় করেই নীতিমালা, আইন সবকিছুই ঠিক করতে হবে। এক্ষেত্রে রাজনীতি বা অন্য কোন প্যারামিটার নয়- গণমাধ্যমের সুষ্ঠু ধারার এবং পেশাদারিত্ব এগিয়ে নিয়ে যাওয়াই সকলের মূল লক্ষ্য হওয়া উচিত।"

(আনোয়ারুল আজিম)
দফতর সম্পাদক
ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা
অ্যালামনাই অ্যাসোসিয়শন (ডিইউএমসিজেএএ)